

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৫৮/২০২২

তারিখঃ ০৭/১১/২০২২খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, উপ পরিচালকের কার্যালয়, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত অফিস আদেশ স্মারক নং- ১২.১১.২০১৫.০৩৯.৪৪.০৫৩.২২-৯৯৬, তারিখঃ ০৫/১১/২০২২ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।


মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র
সমুদ্র বন্দর, চট্টগ্রাম

স্মারক নং- ১২.১১.২০১৫.০৩৯.৪৪.০৫৩.২২-৯৯৬

তারিখঃ ০৫/১১/২০২২ খ্রিঃ

বিষয়ঃ সরকারিভাবে সরবরাহকৃত এ্যালুমিনিয়াম ফসফাইড ট্যাবলেট (ফিউমিগেশন ট্যাবলেট) এর মাধ্যমে ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে।

সূত্রঃ পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, খামারবাড়ী, ঢাকা এর স্মারক নং- ১২.০১.০০০০.৫০০.৪২.২০১.১৯/৫৭৩৯/৪(৩), তারিখঃ ২৭/১০/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জ্ঞাতার্থে ও কার্যার্থে আপনাকে/আপনাদেরকে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয় কর্তৃক ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম সম্পাদনের জন্য সরকারীভাবে সরবরাহকৃত এ্যালুমিনিয়াম ফসফাইড ট্যাবলেট ইতোমধ্যে অত্র কার্যালয়ে এসে পৌঁছেছে। তৎপ্রেক্ষিতে আগামী ১০/১১/২০২২ খ্রিঃ তারিখ থেকে সরকারিভাবে সরবরাহকৃত এ্যালুমিনিয়াম ফসফাইড ট্যাবলেট (ফিউমিগেশন ট্যাবলেট) এর মাধ্যমে ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম সম্পাদন করা হবে। তাই ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম কার্যালয়ের সাথে যোগাযোগ করতঃ ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রমের জন্য নির্ধারিত ফিস ও সার্ভিস চার্জ উদ্ভিদ সংগনিরোধ উইং এর নির্দিষ্ট কোডে ট্রেজারী চালান অথবা অনলাইনের মাধ্যমে জমা প্রদানের অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য যে, কোন আমাদানীকারক/রপ্তানীকারক/সিএন্ডএফ এজেন্ট যদি অত্র কার্যালয়ের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ ব্যতিরেকে ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য অগ্রিম ট্রেজারী চালান অথবা অনলাইনের মাধ্যমে নির্ধারিত ফিস ও সার্ভিস চার্জ এর টাকা জমা দিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হন তার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তর দায়ী থাকবে না।

বিষয়টি অতীব জরুরী।

স্বাঃ/
উপ পরিচালক
উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র
সমুদ্র বন্দর, চট্টগ্রাম।